রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সহাবীগণ চার তারিখ সকালে মক্কায় আগমন করেন। তখন তিনি তাদের ইহরামকে উমরায় পরিণত করার নির্দেশ দেন। তারা বললেন, হে আল্লাহর রাসূল! কী কী জিনিস হালাল? তিনি বললেন: সবকিছু হালাল।

আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফূ হিসেবে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সহাবীগণ চার তারিখ সকালে মক্কায় আগমন করেন। তখন তিনি তাদের ইহরামকে উমরায় পরিণত করার নির্দেশ দেন। তারা বললেন, হে আল্লাহর
রাসূল! কী কী জিনিস হালাল? তিনি বললেন: সবকিছু হালাল। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা সংবাদ দেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সহাবীগণ বিদায় হজ্জের বছর যুলহজ্জ মাসের চার তারিখ সকালে মক্কায় উপনীত হলেন। তাদের কেউ হজ্জের ইহরাম বেঁধে ছিলেন আবার কেউ হজ্জ ও উমরার ইহরাম একসাথে বেঁধে ছিলেন। অতঃপর যারা সাথে কুরবানীর পশু নিয়ে আসে নি তাদেরকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নির্দেশ দিলেন যে, তার যেন হালাল হয়ে যায় এবং তারা তাদের ইহরামকে উমরার ইহরামে পরিণত করে। তাদের জন্য এ নির্দেশ পালন করা কঠিন হয়ে গেল। তারা পরিপূর্ণ হালাল যাতে স্ত্রী সহবাসও হালাল হয়ে যায় তা হওয়া খুবই বড় হয়ে দেখা দিল। এরপর আবার হজ্জের জন্য ইহরাম বাঁধতে হবে। আর এ কারণে তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলেন: হে আল্লাহর রাসূল! আমাদের জন্য কী কী জিনিস হালাল যা আমরা করতে পারব? তিনি বললেন: সবকিছু হালাল। ইহরামের পূর্বে যা তোমাদের জন্য হালাল ছিল তা এখন তোমাদের জন্য হালাল। সুতরাং তারা তাঁর কথা মেনে নিলেন। রাযিয়াল্লাহু আনহুম।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4537